

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪০৪৯

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৯. তৃতীয় অনুচ্ছেদ - সন্ধি স্থাপন

আরবী

عَن الْبَرَاءِ بْنِ عَازِبِ قَالَ: اعْتَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي ذِي الْقَعْدَةِ فَأَبَى أَهْلُ مَكَّةَ أَنْ يَدَعُوهُ يَدْخُلُ مَكَّةَ حَتَّى قَاضَاهُمْ عَلَى أَنْ يَدْخُلَ يَعْنِي مِنَ الْعَامِ الْمُقْبِلِ يُقِيمُ إِهَا قُلَوْ نَعْلَمُ أَنَّكَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا منعناك وَلَكِنْ أَنْتَ مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ فَقَالَ: «أَنَا رَسُولُ اللَّهِ وَأَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ» . ثُمَّ قَالَ لِعَلِيِّ بْنِ أَبِي طَالِبِ عَبْدِ اللَّهِ فَقَالَ: «أَنَا رَسُولُ اللَّهِ وَأَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ» . ثُمَّ قَالَ لِعَلِيِّ بْنِ أَبِي طَالِبِ المُحُوكَ أَبُدًا فَأَخَذَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا منعناك وَلَكِنْ أَنْتَ مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ فَقَلْ اللَّهِ وَاللَّهِ وَاللَّهَ وَاللَّهِ وَاللَّهِ وَاللَّهِ وَسَلَّمَ وَلَيْسَ يُحْسِنُ يَكْتُبُ فَكَتَبَ: هَذَا مَا قَاضَى عَلَيْهِ مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ : لَا يُدْخِلُ مَكَةً وَأَنْ لَا السَّيْفَ فِي الْقِرَابِ وَأَنْ لَا يَخْرُجَ مِنْ أَهْلِهَا بِأَحَدً إِنْ أَرَادَ أَنْ يُتَبِعَهُ وَأَنْ لَا يَمْرَجَ مِنْ أَهْلِهَا بِأَحَدٍ إِنْ أَرَادَ أَنْ يُولِعَ عَلَيْهِ وَسَلَّمَ وَمَنَى الْأَجُلُ أَتَوْا عَلِيًا فَقَالُوا: وَمُنَى النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَلَّمَ وَسَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَلَّمَ وَسَلَّمَ النَّهِ وَسَلَّمَ وَمَنَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَلَّمَ وَسَلَّمَ وَسَلَّمَ عَلَيْهِ وَسَلَّمَ وَلَهُ وَيَعْمَى الْقَالُوا:

বাংলা

৪০৪৯-[৮] বারা ইবনু 'আযিব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম যুলক'দাহ্ মাসে 'উমরার উদ্দেশে (মদীনাহ্ হতে) রওয়ানা হলেন। কিন্তু মক্কাবাসীরা তাকে মক্কা প্রবেশে বাধা সৃষ্টি করল। পরিশেষে তাদের সাথে এ চুক্তি সম্পাদিত হলো যে, তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) আগামী বৎসর তিনদিনের জন্য মক্কায় প্রবেশ করতে পারবেন। অতঃপর যখন সিম্পিত্র লেখা হচ্ছিল তখন লেখা হলো, "এটা সেই সিম্পিত্র যা আল্লাহর প্রেরিত রসূল মুহাম্মাদ এর পক্ষ হতে সম্পাদিত"। তখন মক্কাবাসীরা আপত্তি করে বসল : "আমরা তো আপনাকে আল্লাহর রসূল হিসেবে স্বীকার করি না। যদি আমরা আপনাকে আল্লাহর রসূল হিসেবে বিশ্বাস করতাম, তাহলে আপনাকে তো বাধাই দিতাম না; বরং আপনি হলেন "আবদুল্লাহ-এর পুত্র মুহাম্মাদ"। জবাবে তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ আমি আল্লাহর রসূল ও 'আবদুল্লাহ-এর পুত্র মুহাম্মাদ! অতঃপর তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) 'আলী ইবনু আবৃ ত্বালিব -কে বললেনঃ "রসূলুল্লাহ" শব্দটি মুছে ফেলো।



'আলী বললেনঃ আল্লাহর কসম! আপনার এ নাম আমি কক্ষনো মুছব না। অতঃপর তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) নিজেই কাগজ নিয়ে লিখে দিলেন ''এটা 'আবদুল্লাহ-এর পুত্র মুহাম্মাদ এর পক্ষ হতে সন্ধিপত্র''। অথচ তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) ভালোভাবে লেখতেও জানতেন না। তাতে উল্লেখ ছিল, তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) যুদ্ধান্ত্রসহ মক্কায় প্রবেশ করতে পারবেন না। কেবলমাত্র তরবারি কোষবদ্ধ রাখতে পারবেন। আর (মক্কা হতে) তাঁর কোনো আপনজন তাঁর অনুগমন করলে তাকে (মক্কার) বাইরে যাওয়ার অনুমতি দেয়া হবে না এবং যদি তাঁর কোনো সঙ্গী মক্কায় থেকে যেতে চায়, তাকেও তিনি বাধা দিতে পারবেন না। অতঃপর পরবর্তী বৎসর যখন তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) মক্কায় প্রবেশ করলেন এবং নির্ধারিত সময় শেষ হয়ে গেল তখন তারা 'আলী -এর নিকট এসে বললঃ তোমার সাথীকে আমাদের এখান থেকে প্রস্তান করতে বলো। কেননা নির্ধারিত সময় অতিক্রান্ত হয়ে গেছে। অতঃপর নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম (সকল সাহাবীসহ) মক্কা হতে বের হয়ে গেলেন। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ২৬৯৯, মুসলিম ১৭৮৩, আহমাদ ১৮৬৩৫, দারিমী ২৫৪৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (رَسُوْلُ اللهِ) 'त्रमृलुङ्कार' भकि मूरह रकरला। वर्षा مُحَمَّدُ رَسُوْلُ اللهِ वर्गाथ्या: (رَسُوْلُ اللهِ) 'त्रमृलुङ्कार' भकि मूरह रकरला। वर्षा مُحَمَّدُ مُسُوْلُ اللهِ भकि मूरह रकरला।

করেছেন আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। অত্র হাদীসে উল্লেখিত শব্দ (فَا فَكُنَدُ فَكَتَبُ (سُوْلُ الله) তিনি তা করেছেন আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। অত্র হাদীসে উল্লেখিত শব্দ (فَا فَكُنَدُ فَكَتَبُ) তিনি তা নিলেন এবং লিখলেন সুস্পষ্টভাবে প্রমাণ করে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বয়ং লিখেছেন। তবে এ অর্থ গ্রহণ করতে কোনো বাধা নেই যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আদেশ করেছেন আর লেখক তা লিখেছেন। অর্থাৎ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'আলী -কে رَسُوْلُ الله শব্দ মুছে ফেলতে বললেন, আর 'আলী তা মুছে ফেলতে অস্বীকার করলেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা নিজের হাতে নিয়ে নেন এবং স্বয়ং বুটি الله শব্দ নিজ হাতে মুছে দেন। অতঃপর তিনি 'আলী -কে নির্দেশ দিলে 'আলী লিখলেন।

(فَلَمَّا دَخْلَهَ) অতঃপর তিনি যখন সেখানে প্রবেশ করলেন, অর্থাৎ চুক্তি অনুযায়ী যখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) পরবর্তী বৎসর মক্কাতে প্রবেশ করলেন।

(وَمَضَى الْأَجَلُ) এবং নির্ধারিত সময় অতিবাহিত হয়ে গেলো। অর্থাৎ চুক্তির শর্তানুযায়ী তিন দিন চলে যাওয়ার উপক্রম হলো (وَهَذَى النَّبِيُ عَلَى) তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বেরিয়ে গেলেন অর্থাৎ নির্ধারিত সময় শেষ হওয়ার আগেই অথবা নির্ধারিত সময় শেষ হওয়ার মুহূর্তে তিনি মক্কা থেকে বেরিয়ে গেলেন। অর্থাৎ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চুক্তির শর্ত রক্ষা করেছেন তা ভঙ্গ করেননি। (মিরকাতুল মাফাতীহ)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন